দৈনিক ইনকিলাব

তারিখ 16 NOV 1992
পৃষ্ঠা 6 কলাম 6

05

# চাঁদাবাজির অভিযোগে ঢাকা কলেজের ভিপি ছাত্র দল থেকে বহিষ্কৃত

*।। স্টাফ রিপোর্টার ।।*

গতকাল জাতীয়তাবাদী ছাত্র দলের ঢাকা মহানগরী শাখার এক সভায় সংগঠনবিরোধী কার্যকলাপ, চাঁদাবাজি ও সন্ত্রাস সৃষ্টির অভিযোগে ঢাকা কলেজ ছাত্র সংসদের ভিপি মীর নেওয়াজ আলী নেওয়াজকে ছাত্র দল থেকে বহিষ্কার করা হয়েছে। সভায় আরো ঘোষণা করা হয়, এখন থেকে মীর শরাফত আলী সফু, সোহেল, সফিক, প্রশান্ত, টিপু, রাসেল, বীপু, সোহাগ এদের সাথে ছাত্র দলের ঢাকা মহানগরী শাখাসহ ছাত্র দলের কোন ইউনিটের কোন সম্পর্ক নেই।

ছাত্র দলের ঢাকা মহানগরী শাখার সভাপতি আবুল খায়ের ভূঁইয়ার সভাপতিত্বে বিএনপি কার্যালয়ে অনুষ্ঠিত এ সভায় মহানগরীর সকল থানা ও কলেজ ইউনিটকে নিরলসভাবে সাংগঠনিক কর্মকাণ্ড চালিয়ে যাবার আহবান জানানো হয়। সভায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মুজিববাদী ছাত্র লীগ (বা-ই)-এর সন্ত্রাসী কার্যকলাপের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো